

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### চট্টগ্রাম

www.ccc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

## (প্রেস বিজ্ঞপ্তি)

১৮ জানুয়ারি ২০২২ খ্রি.

### বঙ্গীয় 'বীরত্বের সম্মাননা' পেলেন চসিক মেয়র বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম চৌধুরী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে মহান মুক্তিযুদ্ধ ও মুক্তিযুদ্ধ পরবর্তী সামাজিক রাজনৈতিক সাংস্কৃতিক গণতন্ত্রে অনন্য অবদানের জন্য বঙ্গীয় সাহিত্য সংস্কৃতি সংসদ ঘোষিত 'বীরত্বের সম্মাননা' পেলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম চৌধুরী। বীর সম্মাননা পাওয়া পাঁচজনের মধ্যে অন্যরা হলেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব সৈয়দ হাসান ইমাম, সাব-সেক্টর কমান্ডার সরিত কুমার লাল, বিশিষ্ট সমাজসেবক আনোয়ার হোসেন খান, নাট্যখাষি নাসির উদ্দীন ইউসুফ বাচ্চু। গত ৩০ ডিসেম্বর ২১ তারিখে বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালার প্রধান মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে এই সম্মাননা প্রদান করা হয়। চসিক মেয়রের সেসময়ে অনুপস্থিতির কারণে আজ দুপুর ১টায় বঙ্গীয় কেন্দ্রীয় সাধারণ সম্পাদক কবি প্রাবন্ধিক কামরুল ইসলাম তাঁর কার্যালয়ে এসে তাকে সম্মাননা স্মারক হস্তান্তর করেন। এসময় উপস্থিত ছিলেন মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, বঙ্গীয়র চট্টগ্রাম শাখার সভাপতি কবি শাওন পাশু, বঙ্গীয়র বিশ্বসভার সদস্য নাট্যশিল্পী কঙ্কন দাস।

বঙ্গীয়র বিশ্বব্যাপী অসীমাতিক অভিযাত্রায় মেয়র ভয়সী প্রশংসা করেন এবং চট্টগ্রামের প্রত্নতাত্ত্বিক, সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরেন। বিশেষ করে বীরকন্যা প্রীতিলতার স্মৃতিচিহ্নের মর্যাদা সংরক্ষণ ও ইউরোপীয়ান ক্লাবকে মৌলিক অবকাঠামো ঠিক করে জাদুঘরে রূপান্তরের উদ্যোগ নেয়ার প্রসঙ্গ তুলে ধরেন।

বঙ্গীয় সাহিত্য সংস্কৃতি সংসদের সাধারণ সম্পাদক কামরুল ইসলাম চট্টগ্রামের সাংস্কৃতিক ও অর্থনৈতিক মেলবন্ধন ও মেয়র মহোদয়ের গৃহীত পদক্ষেপ সময়োচিত বলে উল্লেখ করেন।

### চসিক প্রাম্যমাণ আদালত পরিচালিত ফুটপাথ ও রাস্তায় অবৈধভাবে নির্মাণ সামগ্রী রাখায় এক ব্যক্তিকে ১০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী এর নেতৃত্বে কোতোয়ালী থানাধীন সিটি কর্পোরেশন মালিকানাধীন মিউনিসিপ্যাল মডেল স্কুল মার্কেটের ১৪নং দোকান অবৈধ দখলদার উচ্ছেদ পূর্বক সীলগালা করা হয় এবং চকবাজারস্থ সিটি কর্পোরেশন মালিকানাধীন আধুনিক চকসুপার মার্কেটের তালাবন্ধ সমিতি অফিস খুলে দিয়ে মার্কেটের বর্তমান কমিটিকে বুঝিয়ে দেওয়া হয়। একই অভিযানে দামপাড়াস্থ চট্টেশ্বরী রোডে আলিফ মীম টাওয়ার নামক নির্মানাধীন ভবনের নির্মাণ সামগ্রী ফুটপাথ ও রাস্তা রেখে জনদুর্ভোগ সৃষ্টির দায়ে এক ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এই মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করে।

#### স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩